

বিদেশীদের জন্য আমাগাসাকি সিটি ম্যানার গাইড

~নিয়ম এবং আচরণ আপনাকে রক্ষা করবে~

- হাউজিং এর নিয়মকানুন
- আবর্জনা ফেলার বিধি নিষেধ
- যারা ধূমপান করেন তাদের জন্য----
- সাইকেল চালানোর বিধি নিষেধ
- দৈনন্দিন জীবন যাপনের নিয়মাবলি
- নিজেকে রক্ষা করতে করণীয়

সমস্যায় পড়লে যোগাযোগ করুন

আমাগাসাকি প্রবাসী কল্যান কেন্দ্র

স্থান ১-২৩-১ হিগাশি নানামাতসুচো, আমাগাসাকি সিটি,
প্রধান কার্যালয়, কেন্দ্রীয় ভবন, ৭ম তলা।

বার সোমবার থেকে শুক্রবার

সময়: সকাল ১০:০০ দুপুর ১২:০০ ঘটিকা

দুপুর ১:০০ থেকে বিকাল ৪:০০ ঘটিকা

বিদেশী ভাষার পরামর্শদাতা (ইংরেজি, চাইনিজ, ভিয়েতনামী)

※অন্যান্য ভাষা ডিভাইসের মাধ্যমে অনুবাদের ব্যবস্থা রয়েছে।

TEL 06-6489-6449

FAX 06-6489-6661

MAIL ama-welcome@city.amagasaki.hyogo.jp

হাউজিং এর নিয়মকানুন

একটি অ্যাপার্টমেন্ট ভাড়া নিলে

- সেখানে শুধুমাত্র ভাড়াটিয়ারা থাকতে পারবে। সেখানে আর কেউ থাকতে পারবে না।
- আপনি অন্য ব্যক্তিকে ভাড়া দিতে পারবেন না।
- বাড়ি বদলের সময় বিদ্যুৎ, গ্যাস, পানি, ইন্টারনেটের লাইন বাতিল করতে ভুলবেন না।
- হল ওয়ে ও সিঁড়ি জাতীয় স্থানগুলো সকলের ব্যবহারের জন্য। সেখানে নিজস্ব জিনিস রাখা যাবে না।


※আপনি নিয়ম না মানলে, আপনাকে বের করে দেওয়া হতে পারে।



আবর্জনা ফেলার বিধি নিষেধ

আবর্জনা ফেলার সময়।

- অনুগ্রহ করে দাহ্য বস্তু, বোতল, ক্যান, PET বোতল ইত্যাদি ধরণ অনুসারে আলাদা করবেন।
- আবর্জনার ধরণ অনুসারে এর ফেলার নিয়ম, ফেলার দিন এবং ফেলার স্থান নির্ধারিত রয়েছে।
- দয়া করে আপনার আবর্জনা ফেলার সময় "আমাগাসাকি সিটির নির্ধারিত ব্যাগ" ব্যবহার করুন।
- বড় আবর্জনা (৫০ সেন্টিমিটারের বেশি) ফেলার সময় আপনাকে আবেদন করতে হবে এবং ফেলার জন্য অর্থ প্রদান করতে হবে।



আমাগাসাকি সিটির ওয়েবসাইটে কীভাবে আবর্জনা ফেলতে হবে তার বিস্তারিত নিয়মাবলী ব্যাখ্যা করা রয়েছে।



※আপনি যদি নিয়ম না মানেন

আবর্জনা ফেললেও তা নেয়া হবে না।
নির্ধারিত স্থান ছাড়া অন্য কোথাও আবর্জনা ফেলা নিষেধ।
নিয়ম না মানলে জরিমানা হতে পারে।

যারা ধূমপান করেন তাদের জন্য----

- হাঁটার সময় বা সাইকেল বা মোটরসাইকেল চালানোর সময় ধূমপান করবেন না।
- আপনার সিগারেটের শেষ অংশ রাস্তায় ফেলবেন না, একটি বহনযোগ্য অ্যাশট্রে ব্যবহার করবেন।

※ধূমপানের সময় আপনার আশেপাশে কোন লোক নেই তা নিশ্চিত করুন।

সিগারেটের ধোয়া থেকে অন্যদের দূরে রাখুন।



সাইকেল চালানোর বিধি নিষেধ

- সাইকেল পার্কিং লটে আপনার সাইকেল পার্ক করুন। সাইকেল পার্কিং লট ব্যতীত অন্য কোথাও পার্ক করলে তা সরিয়ে ফেলা হবে।
- আপনি যখন আপনার সাইকেলটি ছেড়ে যাবেন তখন তা লক করতে ভুলবেন না।
- ট্রাফিক সিগনাল এবং বিরতি চিহ্ন মেনে চলুন।
- অ্যালকোহল পান করার পরে সাইকেল চালানো নিষেধ।
- অন্ধকার হয়ে গেলে আপনার সাইকেলের লাইট জ্বালিয়ে দিন।
- সাইকেল চালানোর সময় রাস্তার বাম দিক দিয়ে যেতে হবে ফুটপাথে সাইকেল চালানোর সময় পথচারীদের দিকে খেয়াল রাখতে হবে।
- সাইকেল চালানোর সময় হেলমেট পরতে হবে।




দৈনন্দিন জীবন যাপনের নিয়মাবলি

- জোরে চেচামেচি করবেন না।
- জোরে গান বাজাবেন না। (বিশেষ করে রাতে সতর্ক থাকুন।)

※অন্যান্য প্রতিবেশীদের সমস্যা হতে পারে।
※পুলিশ এসে আপনাকে সতর্ক করতে পারে।

- বাইরে যাওয়ার সময়, অবশ্যই বাড়ির দরজা-জানালা লক করুন।
- ঘরে থাকলেও দরজা লক করে রাখুন।

※যদি দরজা লক না করেন তবে আপনি বিপদের সম্মুখীন হতে পারেন।




নিজেকে রক্ষা করতে করণীয়

ব্যক্তিগত তথ্য ফাঁস সম্পর্কে সতর্ক থাকুন।

- আপনার আবাসিক কার্ড বা জাতীয় স্বাস্থ্য বীমা কার্ড কাউকে ধার দেবেন না। ধার নেবেন না।
- আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট অন্য কাউকে দেবেন না। বিক্রি করবেন না।
- SNS এ ব্যক্তিগত তথ্য পোস্ট করবেন না।

※আপনি বিপদের সম্মুখীন হতে পারেন। আবার, আপনি নিজেও শাস্তি পেতে পারেন।



টাকা জমা দিতে ভুলে গেছেন?

- আপনার জাতীয় স্বাস্থ্য বীমা প্রিমিয়াম, জাতীয় পেনশন প্রিমিয়াম এবং কর সময়মত পরিশোধ করতে ভুলবেন না।

※টাকা পরিশোধ না করলে

ডনিং ফি এবং জরিমানা দিতে হবে।

আপনার টাকা এবং জিনিস পত্র জব্দ করা হবে।

আপনার ভিসার সময়কাল বাড়তে না পারার সম্ভাবনা দেখা দিতে পারে।



কাজ শুরু করার সময়ের সতর্কতা:

- কাজের সময়, বেতন, কাজের বিবরণ ইত্যাদি চেক করুন।
- নিয়মানুযায়ী "ছাত্র" বা "পারিবারিক অবস্থান" ভিসাধারি ব্যক্তির সপ্তাহে ২৮ ঘন্টার বেশি কাজ করতে পারবে না।

※নিয়ম লঙ্ঘন করলে নির্বাসিত হতে পারেন।

